

তারিখ: ১৫/০৬/২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে (রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে) রেজিস্ট্রেশন করতে আগ্রহী প্রার্থীকে অন-লাইনে (www.nu.ac.bd/admissions) আবেদন ফরম প্রিন্ট করে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল।

১। আবেদন করার সময়সীমা:

- (ক) অন-লাইনে আবেদন ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের সময় : ১৫/০৬/২০২৬ হতে ৩০/০৬/২০২৬ খ্রি.
(খ) আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমাদানের তারিখ : ২৪/০৬/২০২৬ হতে ৩০/০৬/২০২৬ খ্রি.

২। প্রাথমিক আবেদন ফি জমাদান:

শিক্ষার্থীকে আগামী ১৭/০৬/২০২৬ হতে ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name & Password ব্যবহার করে <https://rangamaticollege.eshiksaems.com> এ Login করে আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি, ইনকোর্স পরীক্ষা ফি ও অন্যান্য ফি সহ সর্বমোট ৩০৭০/- (তিন হাজার সত্তর) টাকা পরিশোধ করতে হবে।

User Name: rangamatistudent

Password: rangamatistudent

(ক) Apply for Application Form click, Select Group Admission Masters & NU Admission Roll, Student Roll, Mobile Number এন্ট্রি দিয়ে Submit করতে হবে।

(খ) Pay Through Sonali Pay অপশনে গিয়ে Session 2023 এবং Class Roll/Admission Roll/NU Admission Roll এন্ট্রি দিতে হবে। তারপর Connect Sonali Pay Click করতে হবে।

(গ) সর্বশেষ শিক্ষার্থীকে Receipts Print Click করার পর NU Admission Roll এন্ট্রি দিয়ে Payslip Download করে প্রিন্ট নিতে হবে।

৩। কলেজে যেসকল কাগজপত্রাদি জমা দিতে হবে:

- (ক) সকল পরীক্ষার নম্বরপত্র ও প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(খ) স্নাতক (পাস) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(গ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে মূল সনদপত্র, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
(ঙ) “জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য বিশ্ববিদ্যালয়ের অধীনে মাস্টার্স কার্যক্রমে বর্তমানে আমি অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে।

৪। আবেদনের যোগ্যতা:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২০১৫ থেকে ২০২৩ সাল পর্যন্ত ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম নম্বর ৪৫% অথবা গ্রেডিং/ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে। এছাড়াও স্নাতক (পাস) পরীক্ষায় পঠিত রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) সনাতন পদ্ধতিতে ন্যূনতম নম্বর ৪০% অথবা ন্যূনতম সিজিপিএ ২.০ পেতে হবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২০১৫ থেকে ২০২৩ সাল পর্যন্ত ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে না। তবে এ সকল প্রার্থীরা সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) অংশগ্রহণ করে সনাতন পদ্ধতিতে ন্যূনতম নম্বর ৪৫% অথবা গ্রেডিং/ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

(গ) প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল করে কারাবন্দীরাও আবেদন করতে পারবে।

(ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
২। প্রশাসনিক শাখা/ক্যাশিয়ার, অত্র কলেজ, রাঙ্গামাটি।
৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ দেয়া গেল।
৪। সংরক্ষণ নথি।